



পূর্বাচলে অতিরিক্ত ডিআইজির বাসায় ডিবির অভিযানে মাদকসহ আটক ৮৪



ছবি: সংগৃহীত

রাজধানীর পূর্বাচলে অতিরিক্ত ডিআইজি জহিরুল ইসলামের মালিকানাধীন একটি বাড়িতে ডিজে পার্টির আয়োজন ঘিরে অভিযান চালিয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। সোমবার মধ্যরাত থেকে চলা এ অভিযানে ৮৫ জনকে আটক করা হয়েছে। তাঁদের মধ্যে ২৬ জন নারী ও ৫৯ জন পুরুষ। ডিবির অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলাম মঙ্গলবার (২০ অক্টোবর) বিকেল ৪টার দিকে অভিযানের তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, বাড়িটি ভাড়া দেওয়া হয়েছিল। সেখানে ভাড়াটিয়া নিয়মিত ডিজে পার্টির আয়োজন করতেন এবং অনলাইনে বিজ্ঞাপন দিয়ে এসব অনুষ্ঠানে লোকজনকে আমন্ত্রণ জানাতেন। অভিযানে পাঁচ বোতল মদ ও বিপুল পরিমাণ সিনথেটিক মাদক জব্দ করা হয়েছে বলে জানিয়েছে ডিবি। ডিবি সূত্র জানায়, সোমবার (১৯ অক্টোবর) রাত ১২টার দিকে বাড়িটিতে অভিযান শুরু হয়, যা মঙ্গলবার বিকেল পর্যন্ত চলে। তবে আটক ব্যক্তিদের বিরুদ্ধে কী ধরনের আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে, তা এখনো জানায়নি ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। উদ্ধার করা সিনথেটিক মাদকের ধরন ও পরিমাণ সম্পর্কেও বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।